



ড্যাফোডিল ইউনিভার্সিটিতে সামার স্কুল অব হিউম্যান রাইটস শুরু

প্রকাশ | ০৩ জুলাই ২০১৮, ০০:০০



অনলাইন ডেস্ক



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব হযরত মোহাম্মদ (সা.) ও ভারতীয় পরামর্শক প্রতিষ্ঠান নলেজ স্টিজের সম্মিলিত আয়োজনে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে সোমবার থেকে শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী 'ইন্টারন্যাশনাল সামার স্কুল অব হিউম্যান রাইটস' কর্মসূচি। রোববার বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে এই কর্মসূচির উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো. সবুর খান। ইনস্টিটিউট অব হযরত মোহাম্মদ (সা.) এর প্রধান উপদেষ্টা মে. জে. ফেরদৌস মিয়র (অব.) সভাপতিত্বে বক্তব্য রাখেন ড্যাফোডিলের উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম, নলেজ স্টিজের প্রতিষ্ঠাতা সহকারী অধ্যাপক নীতেশ কুমার উপাধ্যায়, ড্যাফোডিলের সহযোগী ডিন অধ্যাপক ড. ফারহানা হেলাল মেহতাব প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইনস্টিটিউট

অব হযরত মোহাম্মদ (সা.)-এর পরিচালক (প্রশাসন) ব্যারিস্টার রিজওয়ানা ইউসুফ। এই আন্তর্জাতিক সামার স্কুল প্রোগ্রামে বাংলাদেশ, ভারত ও নেপালের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছেন। বিজ্ঞপ্তি

সম্পাদকমন্ডলী সভাপতি ও প্রকাশক : সাঈদ হোসেন চৌধুরী, **ভারপ্রাপ্ত সম্পাদক :** কাজী রুকুনউদ্দীন আহমেদ, প্রকাশক কর্তৃক এইচআরসি মিডিয়া ভবন, লাভ রোড, ৪৪৬/ই+এফ+জি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে প্রকাশিত ও যায়যায়দিন প্রিন্টার্স লিমিটেড থেকে মুদ্রিত। পিএবিএক্স : ৮৮৭ ০২০৮-১২ ফ্যাক্স : ৮৮৭ ০২০২ রিপোর্টিং : ৮৮৭ ০২১৪ বিজ্ঞাপন : ৮৮৭-০২২৩ ফ্যাক্স : ৮৮৭ ০২০১ সার্কুলেশন : ৮৮৭-০২২৪ E-mail: country_jjd@yahoo.com, jajadi@jjdbd.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি